

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৫০(আগরতলা ২৫।০৫)

আগরতলা, ২৫ মে, ২০২৩

মুখ্যমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাতে অল ইন্ডিয়া সাইক্লিষ্ট আশা মালভিয়া

অল ইন্ডিয়া সাইক্লিষ্ট আশা মালভিয়া আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সাথে সৌজন্যমূলক সাক্ষাতকারে মিলিত হন। মুখ্যমন্ত্রী সাইক্লিষ্ট আশা মালভিয়াকে উত্তরীয় এবং স্মারক উপহার দিয়ে শুভেচ্ছা জানান। মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎকারকালে মধ্যপ্রদেশের নাটারাম গ্রামের বাসিন্দা সাইক্লিষ্ট মালভিয়া জানান, ২০২২ সালের ১ নভেম্বর ভোপাল থেকে বাইসাইকেলে তিনি যাত্রা শুরু করেছেন। আইজল হয়ে গতকাল তিনি ত্রিপুরায় এসে পৌঁছান। এখন পর্যন্ত বাইসাইকেলে করে ত্রিপুরা সহ ২০টি রাজ্য তিনি পরিক্রমা করেছেন। প্রায় ১৬ হাজার ৬০০ কিলোমিটার পথ এখন পর্যন্ত তিনি অতিক্রম করেন। ২৫ হাজার কিলোমিটার যাত্রা করা তার লক্ষ্য। ১৫ আগষ্ট দিনিতে শেষ হবে তার এই পরিক্রমা। মূলত মহিলা স্বশক্তিকরণ ও মহিলাদের সুরক্ষার বিষয়ে সচেতনতার বার্তা নিয়ে তার এই যাত্রা বলে সাইক্লিষ্ট মালভিয়া জানান। মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাতের সময় ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন ও বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী রায় উপস্থিত ছিলেন।
